


১) 'রবীন্দ্রনাথ ঠাকুর' সম্পর্কে দশটি বাক্যে একটি অনুচ্ছেদ লেখ।

অনুচ্ছেদটি লেখার জন্য নীচে কতকগুলি সংকেত দেওয়া হল।

সংকেত :

- জন্ম
- বংশ পরিচয়
- বাল্যকাল
- কর্মজীবন
- মৃত্যু



নমুনা অনুচ্ছেদ

বাংলা মায়ের অন্যতম শ্রেষ্ঠ সন্তান রবীন্দ্রনাথ ঠাকুর ১২৬৮ সালের ২৫শে বৈশাখ কলকাতার জোড়াসাঁকোর বিখ্যাত ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ও মাতার নাম সারদা দেবী। চার বছর বয়সে রবীন্দ্রনাথকে স্কুলে ভর্তি করা হয় কিন্তু বিদ্যালয়ের গতানুগতিক শিক্ষা ব্যবস্থায় তাঁর মন ছোটবেলা থেকেই তৃপ্তি পেত না। তাই বিদ্যালয় ছেড়ে তিনি গৃহশিক্ষকের কাছেই পড়াশোনা করেন। ছেলেবেলা থেকেই তিনি কবিতা লিখতে শুরু করেন এবং মাত্র তেরো বছর বয়সে তত্ত্ববোধিনী পত্রিকায় প্রথম তাঁর কবিতা প্রকাশিত হয়। এরপর তিনি প্রায় সারাজীবন ধরেই অসংখ্য কবিতা, গল্প, প্রবন্ধ, নাটক, উপন্যাস ও গান লিখে গেছেন। তাঁর লেখা 'জনগণমন অধিনায়ক' গানটি ভারতের জাতীয় সংগীত এবং 'আমার সোনার বাংলা' গানটি বাংলাদেশের জাতীয় সংগীত। ১৯১৩ খ্রিষ্টাব্দে 'গীতাঞ্জলি' কাব্যের জন্য তিনি 'নোবেল পুরস্কার' লাভ করেন আর সেই সঙ্গেই কবির খ্যাতি সারা বিশ্বে ছড়িয়ে পড়ে। তিনি 'বিশ্বকবি' 'কবিগুরু' প্রভৃতি আখ্যায় ভূষিত হন। ১৩৪৮ সালের ২২শে শ্রাবণ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর কলকাতার জোড়াসাঁকোর বাসভবনে দেহত্যাগ করেন।

Rita Das